

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
খাকা ।

বিআরপিডি সার্কুলার নং-০১

১০ জানুয়ারী, ২০০৪
তারিখঃ-----
২৭ পৌষ, ১৪১০

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ।

প্রিয় মহোদয়,

রপ্তানী ঋণের সুদের হার ।

২৫ এপ্রিল, ১৯৯৪ তারিখের বিসিডি সার্কুলার নম্বর ০৭ মোতাবেক রপ্তানী ঋণের জন্য ৮%-১০% সুদহার পরিসীমা নির্ধারণ করা হয় । পরবর্তীতে ১/১১/২০০১ তারিখের বিআরপিডি সার্কুলার নম্বর ২৩ এর মাধ্যমে তৈরী পোষাক, হিমায়িত খাদ্য এবং কৃষিপণ্য ভিত্তিক শিল্পদ্রব্য রপ্তানীর ক্ষেত্রে ও ২৩/০২/২০০৩ তারিখের বিআরপিডি সার্কুলার নম্বর ০৬ এর মাধ্যমে চামড়াজাত জুতা ও পণ্য রপ্তানীর ক্ষেত্রে সুদহার ৭% এবং ০২/১১/২০০৩ তারিখের বিআরপিডি সার্কুলার নম্বর ২০ এর মাধ্যমে আলু রপ্তানীর ক্ষেত্রে সুদহার ৮% এ নির্ধারণ করা হয়েছে ।

বিষয়টি পুনঃপর্যালোচনান্তে সকল প্রকার রপ্তানী ঋণের জন্য সুদের হার বার্ষিক ৭% এ নির্ধারণ করা হলো। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহাঙ্গীর আলম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২৫৮৪৪